

# সংগীতে আসিফের ২৫

৬ জুলাই বাংলা গানের যুবরাজ খ্যাত কণ্ঠশিল্পী আসিফ আকবরের সংগীত জীবনের স্মরণীয় একটি দিন। এদিনই মিউজিক ইন্ডাস্ট্রিতে নাম লিখিয়েছিলেন তিনি। মাইক্রোফোনের সামনে দাঁড়িয়ে গেয়েছিলেন ক্যারিয়ারের প্রথম গানটি। চলতি বছরের জুলাইয়ের ৬ তারিখ আসিফ পূর্ণ করেছেন তার ক্যারিয়ারের ২৫ বছর। গায়কের ভাষায়, সিকি শতাব্দী। দিনটি স্মরণীয় করে রাখতে দীর্ঘদিনের সহকর্মীদের নিয়ে তা উদ্‌যাপন করেছেন তিনি। তাকে অভিনন্দন জানাতে এসেছিলেন সংগীত পরিচালক শওকত আলী ইমন, সংগীতশিল্পী আলম আরা মিনু, বেলাল খান, গীতিকবি শহীদুল্লাহ ফরায়েজী, তরুণ মুন্সী, আহমেদ রিজভী, সুরকার নাজির মাহমুদ, তারকা দম্পতি আজিজুল হাকিম, জিনাত হাকিমসহ শোবিজ অঙ্গনের একঝাঁক গুণী ব্যক্তিত্ব।

তাদের সকলের উপস্থিতিতে কেক কেটে সংগীতের সিকি শতাব্দী উদ্‌যাপন করেন তিনি। এ অনুষ্ঠানে প্রিয় সহকর্মী আসিফের সাথে হাস্যোজ্জ্বলভাবে ফ্রেমবন্দি হয়েছেন তারা। দিনটি উপলক্ষ্যে ফেসবুকে অল্প কথায় নিজের অনুভূতি প্রকাশ করেছেন আসিফ। সেখানে জানিয়েছেন, ১৯৯৮ সালের জুলাই মাসের ৬ তারিখ চলচ্চিত্রে প্লেব্যাকের মাধ্যমে শুরু হয়েছিল তার এ যাত্রা। এই পথচলায় তিনি সহশিল্পী হিসেবে পেয়েছিলেন আলম আরা মিনুকে। আসিফের মতো আলম আরা মিনুরও প্রথম প্লেব্যাক ছিল সেটি। আসিফ নিজেই চেয়েছিলেন এই পথচলায় তার সহশিল্পী হিসেবে আলম আরা মিনু থাকুক।

আসিফ আরও লিখেছেন, ঠিক ০৬.০৭.১৯৯৮ সালে এলো সেই মাহেন্দ্রক্ষণ। ইমন ভাই তখন সিদ্ধেশ্বরী থাকতেন। সকালে ইমন ভাইয়ের মিউজিক রুমে ঢুকতেই স্বভাবসুলভ হাসি দিয়ে বললেন, আসিফ কাল তোমার প্রথম প্লে-ব্যাক, রেকর্ডিংয়ে সঙ্গে কাকে দেখতে চাও! সঙ্গে সঙ্গেই বললাম, আলম আরা মিনু আপা হলে ভালো হয়। মিনু আপা শুরু থেকেই আমাকে মহা উৎসাহ দিয়ে আসছিলেন। মিনু আপার অনেক শো'য়ে ওয়ার্ম আপ গায়ক ছিলাম আমি। আবার আমার সাউন্ড সিস্টেমও ভাড়া নিতেন তিনি। ইমন ভাই সদয় সম্মতি দিলেন। বললেন, মিনু আপাকে ফোন করে বলো, আগামীকাল সন্ধ্যায় সিম্ফনী স্টুডিওতে ভয়েস ডাব করা হবে। আমিও জানতাম না ঐ গানটাই ছিল মিনু আপার প্রথম প্লে-ব্যাক। আসিফের এই স্মৃতির সাথে জড়িয়ে আছেন ঢাকাই সিনেমার প্রয়াত সুপারস্টার মান্না। মান্না অভিনীত 'রাজা নাম্বার ওয়ান' সিনেমার গানই তিনি গেয়েছিলেন সেদিন।


ক্যারিয়ারের ২৫ বছরে অগণিত মানুষের ভালোবাসা পেয়েছেন আসিফ। এ প্রসঙ্গে তার ভাষ্য, দেশের মানুষের ভালোবাসা পাওয়ার বিরল সৌভাগ্য হয়েছে, সেই ভালোবাসার রেশ এখনও যথেষ্ট শক্তিশালী। নিজের অতীতের সাথে বর্তমান মেলাতে গিয়ে শুধুই আবেগাপ্লুত হয়ে যাচ্ছি। বাংলাদেশের কাছে আমার অনেক ঋণ।

# মুক্তির আগেই লাভের মুখ দেখল জাওয়ান

চলতি বছর 'পাঠান' ছবিটির মাধ্যমে রাজকীয় প্রত্যাবর্তন ঘটেছে শাহরুখের। নিন্দুকদের সপাটে জানিয়ে দিয়েছেন তিনি ফুরিয়ে যাননি। বিশ্বব্যাপী ১১শ কোটি রুপি নিজের ঝুড়িতে তুলে নিয়েছে ছবিটি। তখনই জানা গিয়েছিল কিং খানের পরবর্তী ছবি 'জাওয়ান'। শাহরুখের অনুরাগীরা এ খবরে বেশ উত্তেজিত হয়েছিলেন। তবে অনেকেই ধরে নিয়েছিলেন ২০০ কোটিতে নির্মিত জাওয়ান ছুঁতে পারবে না পাঠানকে। আলোড়ন তোলা তো পরের কথা। এরই মধ্যে ধারনাটি ভুল প্রমাণিত হয়েছে। মুক্তির এক মাস আগেই ২৫০ কোটি রুপি ঘরে তুলে নিয়েছে জাওয়ান। জাওয়ান ছবিটির থিওয়েট্রিকাল স্বত্ব হিসেবে ডিজিটাল স্যাটেলাইট এবং মিউজিক স্বত্ব বিক্রি হয়েছে আড়াই শ কোটি রুপিতে।

ট্রেলারেও সে আভাস দিয়েছেন শাহরুখ। দুই মিনিটের ট্রেলারটিতে সবচেয়ে বড় চমক ছিল ন্যাড়া মাথার শাহরুখ। এমন লুকে তাকে দেখে নড়ে উঠেছেন সবাই। এর আগে অনেক রূপেই দেখা গেছে শাহরুখকে। কিন্তু ন্যাড়া কখনও হননি। এছাড়া তার মাথার ট্যাটুতেও ছিল রহস্যের ছোঁয়া। একবাক্যে বলা যায় ট্রেলার জুড়ে ছিল দারুণ উত্তেজনা। ন্যাড়া শাহরুখকে দেখে অনুরাগীদের উন্মাদনাও চরমে। ছবিটিতে শাহরুখের সঙ্গে থাকছেন দক্ষিণি দুই তারকা নয়নতারা ও বিজয় সেতুপতি। এরই মধ্যে নয়নতারার চরিত্র সম্পর্কেও আঁচ করা গেছে। সম্প্রতি সামনে আসা এক পোস্টারে মারমুখী অবতারে দেখা গেছে তাকে। এতে স্পষ্ট যে প্রেক্ষাগৃহে শুধু গ্ল্যামার নয় অভিনয় দিয়েও দর্শকের মনযোগ দখল করবেন এ দক্ষিনি তারকা। শাহরুখের পাঠানের সারথী দীপিকাও থাকছেন। তবে তিনি এবার কিং খানের মায়ের ভূমিকায় থাকবেন।

ফলে বোঝাই যাচ্ছে গৌরি খান প্রযোজিত অ্যাটলি নির্মিত জাওয়ান মুক্তির আগেই চড়া দামে বিক্রি হওয়ার যথেষ্ট কারণ রয়েছে। শুধু জাওয়ানই বিক্রি হয়নি। একইসঙ্গে স্বত্ব বিক্রি হয়েছে বাদশার 'ডানকি' ছবিটিরও। এটি মুক্তির আগেই আয়ের ঘরে তুলেছে ২৩০ কোটি রুপি। 'জাওয়ান' তামিল ও তেলেগু ভাষায় মুক্তি পেলেও ডানকি'র শুধু হিন্দি ভাষার স্বত্ব বিক্রি হয়েছে। ডানকি মুক্তি পাবে ২০২৩ সালের ৭ ডিসেম্বর। বড়দিনের অপেক্ষায় থাকা এ ছবিতে শাহরুখের সঙ্গে আছেন তাপসী পান্নু রোমান ইরানী প্রমুখ।



# আবার একসঙ্গে শাকিব-অপু

শাকিব খান ও অপু বিশ্বাস আবার এক ছাদের নিচে ফিরে আসছেন। বেশ কিছুদিন ধরেই ঢালিউডের বাতাসে গুঞ্জনটি ভেসে বেড়াচ্ছে। যারা এ কথা পাত্তা দেননি ১৬ জুলাই ছিল তাদেরও অবাক হওয়ার পালা। এদিন সামাজিক মাধ্যমে হঠাৎ একটি ছবি দেখা যায়। ছবিতে দেখা যায় অপুকে নিয়ে একটি ঘরোয়া অনুষ্ঠানে রয়েছেন শাকিব। তাদের বেশ হালকা মেজাজেই দেখা যাচ্ছিল। ওই ছবিতে শাকিব অপুর পাশাপাশি স্বপরিবারে দেখা যায় অভিনেত্রী রিচি সোলায়মান ও অভিনয়শিল্পী নওশীন-হিল্লোল দম্পতিকে। পরে জানা, নওশীন-হিল্লোলের একমাত্র কন্যা মাহভিসা'র প্রথম জন্মদিন উপলক্ষ্যে নিউ ইয়র্কে তারার মেলা বসিয়েছিলেন তারা। সেখানে আমেরিকা প্রবাসী বাংলাদেশি তারকাদের অনেকে উপস্থিত ছিলেন।

স্বপরিবারে এসেছিলেন রিচি, রোমানারা। এছাড়া জন্মদিন উদযাপনে এসেছিলেন তমালিকা কর্মকার, নোভাসহ আরও অনেকে।

এ অনুষ্ঠানেই আমন্ত্রিত ছিলেন শাকিব। আর তিনি যেতেই রঙিন হয়ে ওঠে মাহভিসার জন্মদিনের উৎসব। তবে বিষয় সেটি না। নওশীনকন্যার জন্মদিনে শাকিবের সাথে ফ্রেমবন্দি হন তার প্রাক্তন স্ত্রী অপু বিশ্বাস। শাকিব-অপুর সে ছবি সামাজিকমাধ্যমে প্রকাশ পেতেই নেটিজেনদের মধ্যে আলোচনা শুরু হয়েছে। তাদের প্রশ্ন, আবার কী অপুর সাথে নিজেকে বাঁধতে যাচ্ছেন শাকিব? এসব প্রশ্নের উত্তর মেলেনি।
তার ধারও ধারেনি নেটিজেনরা। যুক্তরাষ্ট্রে সন্তান নিয়ে শাকিব অপুকে একসাথে ঘোরাঘুরি করতে দেখে তারা নিজেদের মতো উত্তর তৈরি করে নিয়েছেন।



## ঘুমন্ত ছেলের পাহারায় বাবা

রাস্তায় বেঞ্চে ছেলে ঘুমাচ্ছে আর বাবা পাহারা দিচ্ছেন। ঢাকাই সিনেমার শীর্ষ নায়ক শাকিব খান ও ছেলে জয়ের এমন একটি ছবি সম্প্রতি ইনস্টাগ্রামে প্রকাশ করেছেন সুপারস্টার নিজেই। ক্যাপশনে তিনি লিখেছেন ছেলের প্রথম যুক্তরাষ্ট্র সফরের কথা।

ছবিটি দেখে বোঝা যাচ্ছে, ছেলে জয় ক্লান্ত হয়ে ঘুমিয়ে আছে বেঞ্চে। পাশেই রাস্তার ফুটপাতে বসে আছেন বাবা শাকিব খান। এমন ছবি প্রকাশের পর নেটিজেনদের দৃষ্টি কেড়েছে তা।

এক ভিডিওতে দেখা যায়, অপু-জয় ঘোড়ার গাড়িতে ঘুরছেন। ক্যামেরার ওপাশ থেকে শাকিব ছেলে জয়কে পার্ক দেখাচ্ছেন। ভিডিওটি ইতিমধ্যেই প্রশংসা কুড়াচ্ছে ভক্তমহলে।

শাকিব-অপুকে কানাডায় ঘুরে বেড়াতে দেখা গেছে। সঙ্গে রয়েছে ছেলে আব্রাহাম খান জয়। সেখানকার একটি পার্কে ফায়ার ওয়ার্ক দেখছিলেন তারা। ভিডিওতে বাবা-ছেলের কথোপকথন শোনা যাচ্ছিল; ছেলেকে 'ফায়ার ওয়ার্ক' দেখাচ্ছিলেন শাকিব।

